



## বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

Bangabandhu Sheikh Mujib Medical University

শাহবাগ, ঢাকা, বাংলাদেশ।

### বিএসসি ইন নার্সিং কোর্সে ভর্তির শর্তাবলী

- ১। বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- ২। অবিবাহিত হতে হবে।
- ৩। বয়স ২২ বছরের নীচে হতে হবে।
- ৪। জন্ম নিবন্ধন সনদ থাকতে হবে।
- ৫। এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ হতে হবে।
- ৬। এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষায় অবশ্যই জীববিজ্ঞান থাকতে হবে।
- ৭। এসএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগ থেকে ২০১৮ ও ২০১৯ ইং সালের ও এইচএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান থেকে ২০২০ ও ২০২১ ইং সালে অনুষ্ঠিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ৮। এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষা সমূহের প্রাপ্ত জিপিএ এর যোগফল ন্যূনতম ৭.০০ থাকতে হবে। উল্লিখিত পরীক্ষা সমূহের কোনটিতেই জিপিএ ৩.০০ এর নিচে গ্রহণযোগ্য হবে না।
- ৯। মুক্তিযোদ্ধা কোটায় সরকারী আইন প্রযোজ্য হবে: মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনীর ক্ষেত্রে সংরক্ষিত আসনের জন্য প্রার্থীর পিতা/মাতা, দাদা/দাদী কিংবা নানা/নানীর মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণের স্বপক্ষে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/সচিব স্বাক্ষরিত সনদপত্র বা ১৯৯৭-২০০১ ইং সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদ থাকতে হবে।
- ১০। উপজাতি কোটার ক্ষেত্রে প্রার্থীদের নিজ এলাকার পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত উপজাতি সনদ থাকতে হবে।
- ১১। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্তভাবে নির্বাচিত হওয়ার জন্য মৌখিক ও মেডিক্যাল ফিটনেস পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।
- ১২। লিখিত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও CGPA এর ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।
- ১৩। বিএসসি ইন নার্সিং কোর্সে উত্তীর্ণ হওয়ার পর বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হাসপাতালে ০৬ (ছয়) মাস ইন্টার্নশীপ করতে হবে।
- ১৪। কোর্সে ভর্তি হওয়ার সময় শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসে শিক্ষা শাখায় জমা দিতে হবে এবং সেগুলো কোর্স চলাকালীন সময় বিশ্ববিদ্যালয়ে সংরক্ষিত থাকবে।

(অধ্যাপক ডা. একেম মোশাররফ হোসেন)  
প্রো-ভাইস চ্যান্সেলর (একাডেমিক) ও সভাপতি  
ভর্তি পরীক্ষা পরিচালনা ও তত্ত্বাবধান কমিটি  
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।